

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৩ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ/০৮ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৩০২-আইন-আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ২২ অনুসারে ঘোষিত পার্কে উক্ত আইনের ধারা ২০ অনুসারে নিয়োগকৃত ডেভেলপার কর্তৃক ঘোষিত লভ্যাংশের উপর তাহার ব্যবসায়িক কার্যক্রম শুরুর তারিখ হইতে ১০ (দশ) বৎসর পর্যন্ত নিম্নরূপ শর্ত সাপেক্ষে কর অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তসমূহ

- (১) ডেভেলপারকে উক্ত Ordinance এর section 2 এর clause (20) অনুসারে কোম্পানী হইতে হইবে;
- (২) ডেভেলপারকে Tax-payers Identification Number (TIN) গ্রহণ করিতে হইবে; এবং
- (৩) উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

ব্যাখ্যা: এই প্রজ্ঞাপনে “ব্যবসায়িক কার্যক্রম শুরু” বলিতে পার্কে ডেভেলপার যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সচিব।